



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নতুন করোনাভাইরাসে আরও দুইজন নিউ ইয়র্কবাসীসহ মোট নয়জন চিহ্নিত
হয়েছেন এই মর্মে আপডেট প্রদান করেছেন

*CDC থেকে পাওয়া চারটি নমুনায় নেগেটিভ ফলাফল পাওয়া গেছে, পাঁচটির ফলাফল এখনো
পাওয়া যায়নি*

নিউইয়র্ক প্রদেশে আক্রান্ত হওয়ার নিশ্চিত কোনো ঘটনা নেই

মার্কিন যুক্তরাষ্ট্র রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) যুক্তরাষ্ট্রে পাঁচটি আক্রান্তের ঘটনার সত্যতা নিশ্চিত করার পর আজ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক প্রদেশে নতুন করোনাভাইরাসের অবস্থা নিয়ে একটি আপডেট ঘোষণা করেছেন।

"নিউ ইয়র্ক প্রদেশে আক্রান্তের কোন নিশ্চিত ঘটনা না থাকলেও এখন পর্যন্ত আমাদের স্বাস্থ্য অধিদপ্তর নয় জন ব্যক্তির নমুনা পরীক্ষার জন্য সিডিসিতে পাঠিয়েছেন; এর মধ্যে চারটি নমুনায় নেগেটিভ ফলাফল পাওয়া গেছে এবং পাঁচটির ফলাফল এখনো পাওয়া যায়নি," **গভর্নর কুওমো বলেন।** "এই পাঁচজন ব্যক্তিকে আলাদাভাবে রাখা হয়েছে যেহেতু তাদের নমুনা সিডিসি-তে পরীক্ষা করা হচ্ছে। বর্তমানে নিউ ইয়র্কবাসীদের জন্য ঝুঁকি কম থাকলেও আমরা এখনই সবাইকে এ ব্যাপারে জানাতে, প্রস্তুত ও নিরাপদ রাখতে কাজ করছি।"

নতুন করোনাভাইরাসের ব্যাপারে নিউ ইয়র্ক প্রদেশের অব্যাহত প্রতিক্রিয়া সংক্রান্ত আরো তথ্যের জন্য, দেখুন: <https://www.governor.ny.gov/news/governor-cuomo-announces-states-continued-response-novel-coronavirus-three-more-individuals-are> |

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বত্বেইব করুন](#)